



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৩৪/২০১৬/১১৪৬২

তারিখঃ ৩১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

ডাওরী হাট ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: ডাওরী হাট, উপজেলা: লালমোহন, জেলা : ভোলা-এর ফাজিল স্নাতক (বি.এ/বি.এস.এস) স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের আবেদন ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির স্নাতক (বি.এ/বি.এস.এস) স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬.০৩.২০২১ খ্রি. তারিখ থেকে ২৫.০৩.২০২৫খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. উপাধ্যক্ষের জন্য আলাদা সুসজ্জিত কক্ষের ব্যবস্থা করতে হবে।
২. শিক্ষার্থী ও শ্রেণিকক্ষের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৩. নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শন ও ফাইলে সংরক্ষণ করতে হবে।
৪. লাইব্রেরি কক্ষে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করে কক্ষটিতে শিক্ষার্থীদের ব্যবহার উপযোগী পরিবেশ তৈরী করতে হবে।
৫. কলমনার ক্যাশবইয়ের আয় খাতে রসিদ বইয়ের ক্রমিক নম্বর এবং ব্যয় খাতে ভাউচারের ক্রমিক নম্বর উল্লেখ করতে হবে অর্থকমিটি গঠন করে আয়-ব্যয় হিসাব গভর্ণিং বডির সভায় অনুমোদন নিতে হবে।
৬. শ্রেণিকক্ষে মানসম্পন্ন পাঠদানের জন্য শিক্ষকদের নিয়ে দিনব্যাপী কর্মশালার আয়োজন করতে হবে।
৭. মাদরাসার সাইনবোর্ড ও মাদরাসার প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৮. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

Dona 14.05.2023

ড. জাভেদ আহমাদ

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

ডাওরী হাট ইসলামিয়া ফাজিল মাদরাসা

ডাকঘর: ডাওরী হাট, উপজেলা: লালমোহন, জেলা : ভোলা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৩৪/২০১৬/১১৪৬২

তারিখঃ ৩১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভাইস-চ্যান্সেলর (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ভাইস-চ্যান্সেলর দপ্তর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি ডাওরী হাট ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: ডাওরী হাট, উপজেলা: লালমোহন, জেলা : ভোলা।
৭. অফিস নথি।

Shirina
14.05.2023

শিরিনা আক্তার

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯১১-৬৮৮৬৯৬